গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা-১২১২
(প্রশাসন শাখা)
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০০.০০১.৩৩.০১২২.২৫-২৭৩৯ তারিখ: ১৪.১২.২০২৫খ্রি:।

ইন্টার্নশিপ আহবান বিজ্ঞপ্তি

ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় বিআরটিএ'র অধীন ০৩ (তিন) মাস মেয়াদে (২০২৫-২০২৬ অর্থবছরের জন্য) ০১(এক) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহবান করা হলো:

০১। এই ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:

বিআরটিএ সংশ্লিষ্ট সেবামূলক কার্যক্রম (অটোমোবাইল অথবা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয় সংশ্লিষ্ট ডিগ্রিধারীগণের জন্য):

০২। আবেদনের যোগ্যতা:

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। Appeared প্রার্থীগণকে পরীক্ষায় Appeared মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের ০২ (দুই) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং

(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।

০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোন ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

০৬। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।

০৭। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।

০৮। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।

০৯। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগ/মোবাইলে জানানো হবে। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে জনপ্রশাসন মন্ত্রণালয় বা এর অধীন কোনো দপ্তর/সংস্থায় বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।

অ.প.দ্র.

১২। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

১৩। ইন্টার্নশিপ আগ্রহী প্রার্থীগণের আগামী ২৯ ডিসেম্বর, ২০২৫ তারিখের মধ্যে বিআরটিএ'র ওয়েবসাইট থেকে (http://www.brta.gov.bd) আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণকরত: প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্তপূর্বক অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি চেয়ারম্যান, বিআরটিএ, বনানী, ঢাকা বরাবর আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১৪.১২.২৫

মোঃ হেমায়েত উদ্দিন
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ৪১০৮২৯৮৯
ইমেইল: dda@brta.gov.bd

| |
|---|
| সাম্প্রতি তোলা<br>পাসপোর্ট সাইজের<br>০৩ (তিন) কপি<br>রঙিন ছবি |

## ইন্টার্নশিপ আবেদন ফরম

বরাবর

চেয়ারম্যান
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।

বিষয়: বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর অধীন ইন্টার্নশিপ এর জন্য আবেদন

| | | | |
|---|---|---|---|
| ০১. | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | |
| ০২. | জাতীয় পরিচয়পত্রের নম্বর: | | |
| ০৩. | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ০৪. | জন্ম তারিখ: | | |
| ০৫. | জন্মস্থান (জেলা): | | |
| ০৬. | (ক) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ প্রাপ্তির তারিখ: | | (খ) ফলাফল প্রকাশিত না হলে পরীক্ষায় অবতীর্ণের তারিখ: |
| ০৭. | আবেদনের শেষ তারিখে ডিগ্রি অর্জনের সময় (অবতীর্ণ প্রার্থীর জন্য প্রযোজ্য নয়) | বছর.................. মাস..................... দিন........................ | |
| ০৮. | মাতার নাম: | | |
| ০৯. | পিতার নাম: | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | স্থায়ী | বর্তমান |
| | বাড়ি ও সড়ক নম্বর: | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল নম্বর: | | ১২. ই-মেইল: |
| ১৩. | জরুরি প্রয়োজনে যোগাযোগ (অভিভাবকের নাম, মোবাইল নম্বর ও সম্পর্ক): | | | |
| ১৪. | জাতীয়তা: | | ১৫. | লিঙ্গ: |
| ১৬. | ধর্ম: | | ১৭. | পেশা: |

অ.প.দ্র.

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৮. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের বছর | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| ১৯. | কম্পিউটার পরিচালনার দক্ষতা (টিক দিন) | | | | | |
| | এমএস ওয়ার্ড (MS Word) | এমএস পাওয়ার পয়েন্ট (MS Power Point) | এমএস এক্সসেল (MS Excel) | অন্যান্য | | |
| | | | | | | |
| ২০. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | |
| ২১. | কোনো কর্মে নিয়োজিত রয়েছেন কিনা: (থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে) | | | | | |
| ২২. | প্রযোজ্য ক্ষেত্রে টিকদিন: (ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (খ) শারীরিক প্রতিবন্ধী | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করবো। কোনো তথ্য অসত্য প্রমানিত হলে প্রযোজ্য আইনানুগ ব্যবস্থা মেনে নিবো।

প্রার্থীর নাম ও স্বাক্ষর

তারিখ: